

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমবায় কার্যালয়  
আলফাডাঙ্গা, ফরিদপুর।

স্মারকনং : ৪৭.৬১.৩৫৪৩.০০০.৩২.০৪৫.১৮-১৫৬

তারিখঃ ৩১/০৮/২০২৩খ্রিঃ

বিষয় : বাজড়া পানাইল পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ এর ২০২২-২০২৩ খ্রিঃ সনের বার্ষিক অডিট সম্পাদন প্রসঙ্গে।

- সূত্র : ০১) এ কার্যালয়ের স্মারক নং ৪৭.০৬১.২৯০০.০০০.৩২.০৪৫.১৮-১২৩ তারিখঃ ২৬/০৬/২০২৩ খ্রিঃ।  
০২) এ কার্যালয়ের স্মারক নং ৪৭.০৬১.২৯০০.০০০.৩২.০৪৫.১৮-১৩৯ তারিখঃ ৩১/০৭/২০২৩ খ্রিঃ।  
০৩) জেলা সমবায় অফিসার, ফরিদপুর মহোদয়ের আদেশ নং-৭৬০, তারিখঃ ০১/০৬/২০২৩খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনার সমিতির ২০২২-২০২৩ সনের বার্ষিক বিধিবদ্ধ নিরীক্ষা কার্যক্রম নিম্নস্বাক্ষরকারী অডিট অফিসার কর্তৃক ১৮/০৭/২০২৩ খ্রিঃ ও ৩০/০৮/২০২৩ খ্রিঃ তারিখে অডিট সম্পাদনের নিমিত্তে সূত্রস্থ ০১ নং ও ০২ নং পত্রে দুইটি নোটিশ প্রদান করা হয়েছিল। কিন্তু অদ্যাবধি অডিটের জন্য হিসাবাদি প্রস্তুত করে নিম্নস্বাক্ষরকারীর নিকট উপস্থাপন করা হয়নি।

এমতাবস্থায় বাজড়া পানাইল পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ এর ২০২২-২০২৩ খ্রিঃ সনের বার্ষিক অডিট আগামী ১৭/০৯/২০২৩ খ্রিঃ রবিবার সকাল ১১.০০ টায় সমিতির কার্যালয়ে অডিট সম্পাদন কাজ আরম্ভ হবে। সুতারাং উক্ত নিরীক্ষা কার্য সম্পাদনের জন্য নিম্ন লিখিত হিসাবাদি ও সংশ্লিষ্ট রেকর্ডপত্র হালনাগাদ করতঃ নিম্ন স্বাক্ষরকারীর নিকট উপস্থাপন করতে এবং সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ ও সাধারণ সদস্যগণকে অবহিত করতে অনুরোধ করা হলো।

- ক) ১লা জুলাই ২০২২ খ্রিঃ হতে ৩০শে জুন ২০২৩ খ্রিঃ পর্যন্ত জমা খরচ হিসাব।  
খ) ৩০ শে জুন ২০২৩ খ্রিঃ সনের সমাপ্ত বছরের জন্য লাভ-ক্ষতি হিসাব, রেওয়ামিল, নগদ প্রবাহ বিবরণী।  
গ) ৩০শে জুন ২০২৩ খ্রিঃ তারিখের জন্য উদ্ধৃত পত্র।  
ঘ) দেনা-পাওনা বিস্তারিত বিবরণ (ডিটেললিস্ট) ৩০/০৬/২০২৩ খ্রিঃ পর্যন্ত।  
ঙ) ১লা জুলাই ২০২২ খ্রিঃ হতে ৩০শে জুন ২০২৩ খ্রিঃ পর্যন্ত ব্যাংক স্টেটমেন্ট।  
চ) সমিতির ব্যবস্থাপনা কমিটি সদস্যদের জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, ছবি ও মোবাইল নম্বর।

প্রাপক,

জনাব মোঃ সাইফুল খান

সভাপতি

বাজড়া পানাইল পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ

গ্রামঃ পানাইল, পোঃ পানাইল, উপজেলাঃ আলফাডাঙ্গা, ফরিদপুর।

৩১/০৮/২৩

মোঃ জাকির হোসেন

অডিট অফিসার

ও

সহকারী পরিদর্শক

উপজেলা সমবায় কার্যালয়

আলফাডাঙ্গা, ফরিদপুর।

মোবাঃ ০১৭১৮-৬৩৬১১০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

০১। উপজেলা সমবায় অফিসার আলফাডাঙ্গা, ফরিদপুর।

০২। জেলা সমবায় অফিসার, ফরিদপুর।

০৩। ব্যক্তিগত নথি।